রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের ভূমিকা

THE ROLE OF RABINDRANATH IN RABINDRANRITYA

Synopsis

Submitted in the partial fulfilment for the requirement of

DOCTOR OF PHILOSOPHY

in

Bengali

Submitted by

Koyel Mukherjee

(under UGC JRF)

Under the Supervision of

Dr. Amartya Mukherjee

Subject– Rabindranritya

Department of Rabindra Sangit, Dance & Drama

Sangit Bhavana, Visva-Bharati

Registration No. – VB-600 of 2015-16

Registration Date- 21/12/2023

Amartya Mukherjee

Dr. Amartya Mukherjee

Supervisor

15.05.2026

Dr. Amartya Mukherjee
Assistant Professor of Drama
Deptt. of Rabindra Sangit Dance & Drama
Sangit Bhavana, Visva-Bharati

18/5/26.

Prof. Sruti Bandopadhay

H.O.D.

विभागाध्यक्ष / Head
रवीन्द्र संगीत, नृत्य एवं नाटक विभाग
Deptt. of Rabindra Sangit, Dance & Drama
संगीत भवन, विश्वभारती, शान्तिनिकेतन
Sangit-Bhavana, Visva-Bharati, Santiniketan

18/5/26.

Prof. Sruti Bandopadhay

Principal

अध्यक्ष
संगीत भवन
विश्वभारती
Principal
Sangit Bhavana
Visva-Bharati

Annexure-II

47.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
48.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
49.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
50.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
51.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
52.	Koyel Mukherjee	RSDD	21.12.2023	Full time	Dr. Amartya Mukherjee	THE ROLE OF RABINDRANATH IN RABINDRANRITYA	রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের ভূমিকা	Bengali	Recommended by BOS on 28.02.2025
53.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
54.	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]

রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের ভূমিকা

THE ROLE OF RABINDRANATH IN RABINDRANRITYA

Koyel Mukherjee

Research Proposal for Ph.D.

Subject – Rabindranritya

Department of Rabindra-Sangit, Dance & Drama

Sangit Bhavana, Visva-Bharati

Registration No. – VB-600 of 2015-16

13.02.2025

R.A.C Member

Manabendra Mukhopadhyay 13/02/2025

Prof. Manabendra Mukhopadhyay

Professor
Dept. of Bengali
Bhasha Bhavana
Visva-Bharati

13/02/25

Dr. Kallol Chatterjee

Dr. Kallol Chatterjee
Assistant Professor.
Departm... cation &

Supervisor

Amartya Mukherjee 13/02/2025

Dr. Amartya Mukherjee

Dr. Amartya Mukherjee
Assistant Professor of Drama
Deptt. of Rabindra Sangit Dance & Drama
Sangit Bhavana, Visva-Bharati

*[বিষয়টির বিশদ আলোচনাকে অতি-সংক্ষেপে সংযুক্ত করা হল।]

সারসংক্ষেপ: প্রাক্-স্বাধীনতা যুগে বিংশ শতাব্দীর প্রথমার্ধে যখন ভারতীয় সংস্কৃতিতে নৃত্যের স্থান ক্রমশ অবহেলিত, অপমানিত, নৃত্যচর্চা যখন বিনোদনমূলক হয়ে উঠেছে, নট-নটীগণ যখন ভদ্র সমাজে অহেতুক কৌতূহল, কুৎসা, রটনার শিকার, সভ্যসমাজ থেকে নির্বাসিত হয়ে পড়েছে নৃত্যচর্চা, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর তখন আধুনিক সমাজে নৃত্য-আন্দোলন ঘটালেন। রবীন্দ্রনাথ নৃত্যের মধ্যে পবিত্র সুন্দর রূপ দেখেছিলেন। চিত্ত-বিনোদন নয়, নৃত্যকে চিত্ত-উন্নয়ন-এর মাধ্যম হিসাবে প্রতিষ্ঠা করলেন। ১৯১০-১২ খ্রীষ্টাব্দ থেকেই নৃত্যভাবনা রবীন্দ্রনাথের মনে এসেছিল। রবীন্দ্রনাথ গান দিয়ে দ্বার খোলার কথা বলেন, নৃত্যে মুক্তির স্বাদ লাভ করেন। প্রসঙ্গত, এ-বিষয়টি রয়েছে 'সুন্দর' নাট্যগীতিতে। (মুখোপাধ্যায়, অমর্ত্য। *রবীন্দ্রনৃত্য*। পৃষ্ঠা- ১৩-১৪)

রানী ও বসন্তিকার সংলাপে —

রানী : নৃত্য দিয়ে শুরু করতে হবে। সুন্দরের পালা যে বসন্তের।

বসন্তিকা : তা হোক না — কিন্তু তাই বলে অসংযম —

রানী : অসংযম ? একে বলে উল্লাস। বসন্তের শুরুতেই দক্ষিণে হাওয়া আসে বনে বনান্তরে নৃত্য প্রচার করে বেড়ায়।... সুন্দর আর নটরাজ যে একই।... নাচতেই নিখিল জগতের প্রকাশ — নাচ বন্ধ হলেই প্রলয়।... আজ আমার এই আঙিনায় নৃত্যের পবিত্র প্রয়াগতীর্থ রচনা হোক, এইখানে নটরাজের পূজা।

রবীন্দ্রনাথের এই নৃত্যভাবনা ১৯১৯ খ্রীষ্টাব্দে অন্যতম এক শিল্পকলাচর্চার ক্ষেত্র তৈরী করল শান্তিনিকেতনে। ২০১৪ থেকে ২০২০ সালের মধ্যে বিশ্বভারতীতে একটি স্বতন্ত্র বিষয় হিসেবে ক্রমে 'রবীন্দ্রনৃত্য'-র ডিগ্রী, সার্টিফিকেট, মাস্টার ডিগ্রী, এম. ফিল ও পি এইচ.ডি কোর্স শুরু হয়েছে। তাই পরবর্তী শিক্ষার্থী ও শিল্পীদের কাছে রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের অবদান সম্পর্কে যথাযথ ধারণা থাকা অতি আবশ্যক। রবীন্দ্রনৃত্য গড়ে ওঠার প্রতিটি পর্যায়ে তাঁর অক্লান্ত কর্মকুশলতা শান্তিনিকেতনে রবীন্দ্রনৃত্যের সূচনা করেছে। সাহিত্য, সংগীত, দর্শনের ন্যায় নৃত্যজগতে তাঁর ভূমিকাকে পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণের মাধ্যমে প্রকাশ করা প্রয়োজন। এই সকল কারণে 'রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের ভূমিকা' বিষয়টি গবেষণা-র জন্য গ্রহণ ও পরিকল্পনা করা হয়েছে।

পটভূমি: আদি যুগের শাস্ত্রসম্মত নৃত্য, মধ্যযুগে যা বিস্তৃত ও লঘু হয়ে পড়েছিল — '...নৃত্যের সেই চরম দুর্দিনে ভাবতেই অবাক লাগে, প্রচণ্ড ব্যস্ত মানুষ রবীন্দ্রনাথ তখন শান্তিনিকেতনে বসে, তাঁর প্রয়োজনীয় আর দশটি কাজের মধ্যেও...নৃত্যান্দোলনের কথা ভেবেছেন।...তাকে সমাজে বিশেষ মর্যাদা দিয়ে গেছেন শিক্ষার অপরিহার্য অঙ্গ হিসেবে। যে নাচ ছিল দেহ-সর্বস্ব রূপজ ব্যাপার, তাকেই তিনি রূপান্তরিত করলেন আত্মনিবেদনের মহার্ঘ্য উদ্দেশ্যে।' (মুখোপাধ্যায়, ড. শঙ্করলাল। *ভারতীয় নৃত্যধারার সমীক্ষা*। পৃষ্ঠা- ৫০৪)

এক অন্যতর সংযত, সুন্দর, স্বাভাবিক, মানবিক, চিরন্তন আবেগ-প্রকাশের প্রয়াসে — বিশেষ ধারার নৃত্যসৃজন শুরু হল শান্তিনিকেতনে। ১৯১০-১২ খ্রীষ্টাব্দ থেকে শান্তিনিকেতনে মেয়েরা শিক্ষার জন্য আসার পর বিশেষত রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার প্রাপ্তির পর ১৯১৯-২০ খ্রীষ্টাব্দ থেকে নিয়মিতভাবে শান্তিনিকেতনে নৃত্য শিক্ষা ও চর্চা শুরু হয়। রবীন্দ্রনাথের রচিত সাহিত্যকে আশ্রয় করে নৃত্যরচনা বা Dance Composition চলতে থাকে। তবে সেই সময়ে শান্তিনিকেতন মাসিকপত্রে ১৩২৬ সালের ফাল্গুন সংখ্যায় ছাত্রদের এই নৃত্যশিক্ষাকে "মৃদঙ্গ সহযোগে সাংগীতিক ব্যায়াম শিক্ষা" রূপে প্রকাশ করা হয়। ১৯২৩ খ্রীষ্টাব্দে রবীন্দ্রনাথ শান্তিনিকেতনের ছাত্রীদের সৌরাষ্ট্রের মন্দিরা নৃত্য শেখার সুযোগ করে দিলেন। 'শেষবর্ষণের (১৯২৫) নৃত্যাভিনয়ের সাফল্যে উৎসাহিত হয়ে

গুরুদেব স্থির করলেন নৃত্যচর্চাকে শিক্ষণীয় বিদ্যারূপে স্থায়ীভাবে বিশ্বভারতীর শিক্ষাব্যবস্থায় স্থান দেবেন।' (ঘোষ, শান্তিদেব। *গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য*। পৃষ্ঠা- ২০) রবীন্দ্রনাথ একের পর এক নৃত্যোপযোগী গান, কবিতা, নাটক, নৃত্যনাট্য রচনা করছেন যেমন মণিপুরী নৃত্যশিক্ষা শুরু হলে তাঁর গানের উপর নৃত্য তৈরীর জন্য রচনা করলেন 'নুপুর বেজে যায় রিনি রিনি' (বন্দ্যোপাধ্যায়, শ্রুতি। *রবীন্দ্রনৃত্য : দ্য ডান্স ইডিয়ম ক্রিয়েটেড বাই টেগোর*। পৃষ্ঠা- ৭২)। এই কাজে সবথেকে বেশি তৎপর ও উদ্যোগী ছিলেন প্রতিমা দেবী। একের পর এক প্রযোজনায় ছাত্র-ছাত্রীদের নিয়ে নতুন কিছু করার চিন্তা সবসময়ই তাঁর মধ্যে ছিল। তাঁরই উৎসাহে রবীন্দ্রনাথ 'পূজারিণী' কবিতাটিকে পূর্ণাঙ্গ নাটক 'নটীর পূজা'য় রূপান্তরিত করেন। যে 'নটীর পূজা' পরবর্তীকালে রবীন্দ্রনৃত্যের প্রচার ও প্রসারে অবিস্মরণীয় ভূমিকা নেয়। রবীন্দ্রনাথের রচনায় বারংবার পাওয়া যায় নারীমুক্তি ও নারী জাগরণের কথা। নৃত্যকলা প্রবর্তন, বিকাশ, শিক্ষা ও চর্চার ক্ষেত্রেও তাঁর এই নারীভাবনা ছিল নিরলস। 'এই ভাবেই শান্তিনিকেতনে বিশ্বভারতীর পারফর্মিং আর্ট চর্চার মধ্য দিয়েই রবীন্দ্রনাথ গড়ে তুললেন এক অভিনব নৃত্যআন্দোলন'(বন্দ্যোপাধ্যায়, শ্রুতি। *নৃত্য/অন্তরে-বাহিরে*।পৃষ্ঠা- ১০৫)। রবীন্দ্রনৃত্য একটি মৌলিক ধারার রূপ পেল।

সাহিত্য পর্যালোচনা: রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের ভূমিকা প্রসঙ্গে সাহিত্য-পর্যালোচনায় প্রথমে প্রতিমা দেবীর 'নৃত্য' গ্রন্থটি পাঠ করা হয়েছে। যেখানে 'নৃত্যরস', 'নৃত্যনাট্য চিত্রাঙ্গদা', 'নৃত্যনাট্য চণ্ডালিকা' অধ্যায়গুলিতে নাচ, নাচের আবেদন, নৃত্যনাট্য হয়ে ওঠার কথা উল্লিখিত। শান্তিদেব ঘোষের লেখা 'গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য', 'নৃত্যকলা ও রবীন্দ্রনাথ', 'জীবনের ধ্রুবতারা' ইত্যাদি স্মৃতিকথামূলক গ্রন্থ পাঠ করা হয়েছে। বিশেষ করে 'গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য' গ্রন্থটি সম্পূর্ণই লেখকের নিজের দৃষ্টিকোণ থেকে লেখা তাঁর জীবনের প্রত্যক্ষ অভিজ্ঞতা। তাই সেক্ষেত্রে শুধু কোনো ব্যক্তিবিশেষের নয়, রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের অবদান সংক্রান্ত সকল তথ্য সংগ্রহ, একত্রীকরণ, আলোচনা ও সর্বোপরি সংরক্ষণের প্রয়োজনীয়তা আছে। রবীন্দ্রনৃত্য প্রসঙ্গে অধ্যয়ন করা হয়েছে সম্প্রতিকালে প্রকাশিত অধ্যাপক ড. শ্রুতি বন্দ্যোপাধ্যায়ের 'RABINDRANRITYA : The dance idiom created by Tagore' এবং ড. অমর্ত্য মুখোপাধ্যায় রচিত 'রবীন্দ্রনৃত্য'। গ্রন্থদুটি থেকে বিষয়টি নির্বাচনে উৎসাহ লাভ করা গেছে।

গবেষণার প্রশ্ন: রবীন্দ্রনাথের সৃজনকর্মের সৌন্দর্যদর্শন নৃত্যে কীভাবে বিকশিত হয়েছে? রবীন্দ্রনৃত্য প্রবর্তনের সমান্তরালে প্রচারের ক্ষেত্রে তাঁর অবদান কতখানি ছিল? রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের সামগ্রিক অবদানগুলি কী কী — তার যুক্তিগ্রাহ্য বিশ্লেষণাত্মক আলোচনা করা আবশ্যক।

গবেষণার উদ্দেশ্য: এই গবেষণার উদ্দেশ্য রবীন্দ্রনৃত্য সম্বন্ধে রবীন্দ্রনাথ কী ভাবলেন, কেমন করে কাদের নিয়ে এই কাজ জীবনের পরিণত বয়সে প্রয়োগ করে গেলেন, তার আলোচনা করা। এই প্রশ্ন আজও থেকে গেছে রবীন্দ্রনাথ যেহেতু নিজে নৃত্যশিল্পী ছিলেন না, সেক্ষেত্রে নৃত্যপ্রয়োগে তাঁর সক্রিয় ভূমিকা কতখানি ছিল? এই গবেষণাকার্যের অন্যতম উদ্দেশ্য সমাজে, শিক্ষায়, বাঙালীর সংস্কৃতিতে রবীন্দ্রনৃত্যের সূচনাপর্বে রবীন্দ্রনাথের ভূমিকা সংক্রান্ত নানান প্রশ্নের যথাযথ উত্তর সন্ধানের মাধ্যমে সত্য-সিদ্ধান্তে উপনীত হওয়া।

প্রকল্পনা: রবীন্দ্রনৃত্য এমন এক শিল্পরূপ যা মঞ্চ, সাজপোশাক, পরিকল্পনা, রচনা, ভাবনা, দর্শন — এই সবকিছুর সংযোগ। যেখানে অনেককে সঙ্গী হিসেবে পেলেও সামগ্রিক পরিকল্পনাটি রুচিসম্মত ও সংযতভাবে কী রূপে প্রকাশিত হবে রবীন্দ্রনাথ তার রূপরেখা তৈরি করে দিয়েছিলেন। বাচিক নির্ভর এই নৃত্যকলায় রবীন্দ্রসংগীত

স্পষ্টতই নৃত্যভঙ্গিমার ইঙ্গিতবাহী। তাই নৃত্যের আভাসযুক্ত রচনাগুলিকে একত্রিত করে এও দেখতে হবে আর কোথায় নৃত্যসম্ভাবনা রয়েছে। আজও যখন রবীন্দ্রনৃত্য বিশেষ একটি ধারা বহন করছে, সেখানে রবীন্দ্রনাথের ভূমিকা নৃত্যশিল্পী-নৃত্যপ্রবর্তক-নৃত্যরচয়িতা-নৃত্যনির্দেশক-নৃত্যপ্রচারক কখনো বা নৃত্যশিক্ষক হিসেবে ঠিক কতখানি গুরুত্বপূর্ণ ছিল তার স্পষ্ট রূপ জানা যাবে।

সম্ভাব্য অধ্যায় বিভাজন: নৃত্যশিল্পী রবীন্দ্রনাথ, নৃত্য-প্রবর্তক রবীন্দ্রনাথ, নৃত্যোপযোগী রবীন্দ্ররচনা, নৃত্য ও নৃত্যনাট্য নির্দেশক রবীন্দ্রনাথ, সমাজে নৃত্য-প্রচার ও অর্থ-সংগ্রহ, সমসাময়িক পত্রিকায় রবীন্দ্রনৃত্য।

গবেষণার পদ্ধতি: রবীন্দ্রনৃত্যে রবীন্দ্রনাথের ভূমিকা বিষয়ে বিশ্লেষণাত্মক গবেষণা (Analytical Research) পদ্ধতিটি পালনীয়। বিশ্লেষণাত্মক গবেষণা একপ্রকার মৌলিক (Fundamental) গবেষণা। এই কারণে এটি গভীরভাবে চিন্তার দাবী রাখে। সেই দাবী পূরণে পত্র, পত্রিকা, গ্রন্থ, স্মৃতিমালা, সমালোচনা, রচনা, পাণ্ডুলিপি, সাক্ষাৎকার, অডিও-ভিস্যুয়াল রেকর্ডিং প্রভৃতি উপাদান সংগ্রহ ও অনুপুঙ্খভাবে মূল্যায়ন, পুনর্মূল্যায়ন করা হবে। যা আমাদের আশানুরূপ সত্যে উপনীত হতে সহায়তা করবে।

উপসংহার: নৃত্যপ্রবর্তনের শুরুর সময় থেকে সংগীত ভবনে উপযুক্ত নৃত্যের শিক্ষক নিয়োগে উদ্যোগী হয়েছিলেন রবীন্দ্রনাথ। গুরু বুদ্ধিমন্ত্র সিংহ, গুরু নবকুমার সিংহ, কেলু নায়ার প্রমুখ নৃত্যশিল্পী ও শিক্ষকদের নিযুক্ত করেছিলেন সংগীত ভবনে। শান্তিনিকেতনের নৃত্যশৈলী থেকে রবীন্দ্রনৃত্য হয়ে ওঠার সময়ে বিভিন্ন পর্যায়ে নানাজনের নানা দ্বিধা ও সংশয় ছিল। এই গবেষণাকার্যের মাধ্যমে তার নিরসন ঘটবে এবং 'রবীন্দ্রনৃত্য'-র বিষয়, আঙ্গিক, রূপ এবং আদর্শ সম্বন্ধে বিষয়টির নামকরণের যৌক্তিকতা ও প্রাসঙ্গিকতা প্রতিষ্ঠা পাবে — এই আশা করি ।

গ্রন্থপঞ্জি:

ঘোষ, শান্তিদেব. ১৯৯৩. *গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য.* কলকাতা: আনন্দ পাবলিশার্স।

ঘোষ, শান্তিদেব. ১৯৯৬. *জীবনের ধ্রুবতারা.* কলকাতা: আনন্দ পাবলিশার্স।

ঘোষ, শান্তিদেব. ২০০৬. *রবীন্দ্রনাথের পূর্ণাঙ্গ শিক্ষাদর্শে সঙ্গীত ও নৃত্য.* কলকাতা: আনন্দ পাবলিশার্স।

চক্রবর্তী রুদ্রপ্রসাদ. ১৯৯৫. *রঙ্গমঞ্চ ও রবীন্দ্রনাথ সমকালীন প্রতিক্রিয়া.* কলকাতা: আনন্দ পাবলিশার্স।

চট্টোপাধ্যায়, কাবেরী. ২০২৪. *রবীন্দ্র-নৃত্যশিল্প.* শান্তিনিকেতন: বইওয়ালা বুক ক্যাফে।

ঠাকুর, রবীন্দ্রনাথ. ১৩৩৯. *গীতবিতান (অখণ্ড).* কলকাতা: বিশ্বভারতী।

ঠাকুর, রবীন্দ্রনাথ. ১৩৩৪. *জাভা-যাত্রীর পত্র.* কলিকাতা: বিশ্বভারতী গ্রন্থনবিভাগ।

দেবী, প্রতিমা. ১৩৫৬. *নৃত্য.* কলকাতা: বিশ্বভারতী।

বন্দ্যোপাধ্যায়, শ্রুতি. ২০১৬. *নৃত্য অন্তরে-বাহিরে.* কলকাতা: কারিগর।

মুখোপাধ্যায়, অমর্ত্য. ২০১৯. *রবীন্দ্রনৃত্য.* কলকাতা: স্পার্ক।

মুখোপাধ্যায়, প্রভাতকুমার. ১৩৯৯. *গীতবিতান কালানুক্রমিক সূচি.* কলকাতা: টেগোর রিসার্চ ইনস্টিটিউট।

মুখোপাধ্যায়, ড.শঙ্করলাল. ২০১৯. *ভারতীয় নৃত্যধারার সমীক্ষা.* কলকাতা: ফার্মা কে. এল. এম প্রাইভেট লিমিটেড।

সেন, অমিতা. ১৯৮৩. *আনন্দ সর্বকাজে.* কলকাতা: টেগর রিসার্চ ইনস্টিটিউট।

English Book

Bandopadhay, Sruti. 2019. *RABINDRANRITYA: The dance idiom created by Tagore.* Haryana: Subhi Publication.

Banerjee, Utpal K. 2011. *Tagore's Mystique of Dance.* New Delhi: NIYOGI BOOKS.